বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
কম্পিউটার অনুবিভাগ
www.bpatc.gov.bd

বিষয়: **বিপিএটিসির আইসিটি সেবা (ওয়েবসাইট, ইআরপি, সার্ভার ব্যবস্থাপনা ইত্যাদি) সম্পর্কে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাঈদ মাহবুব খান, রেক্টর |
| সভার তারিখ | : | ১০ জুলাই ২০২৪ |
| সভার সময় | : | অপরাহ্ন ০২:৩০ টা |
| স্থান | : | রেক্টর'স সেক্রেটারিয়েট |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। সূচনাতে সভাপতি অভিমত প্রকাশ করেন যে, কেন্দ্রের আইটি সক্ষমতাকে বিশ্বমানে উন্নীত করতে হবে এবং এজন্যে পরিকল্পনামাফিক অগ্রসর হতে হবে। কেন্দ্রে অনুষ্ঠিত কোর্সসমূহের চাহিদাকে অগ্রাধিকার দিয়ে আইটি সুবিধাদি নিশ্চিত করতে হবে। অন্যান্য সরকারি দপ্তর ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তুলনায় বিপিএটিসির আইটি সেটআপ ও সার্ভিসের মান যেন কোনক্রমেই পিছিয়ে না পড়ে সেদিকে লক্ষ্য রাখা আবশ্যক। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত-১:** প্রতিটি কোর্সের (FTC, ACAD, SSC, PPMC, SFTC, ইত্যাদি) শেষে কোর্স ম্যানেজমেন্ট টিম এবং প্রশিক্ষণার্থীদের সমন্বয়ে স্যুভেনির প্রকাশ করা হয়ে থাকে। সকল কোর্সের স্যুভেনির বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা রয়েছে। সকল কোর্স শেষে সংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিম স্যুভেনির এর সফটকপি বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য কম্পিউটার শাখায় প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নকারী:** কোর্স ম্যানেজমেন্ট টিম (সকল)।

**সিদ্ধান্ত-২:** বিপিএটিসি'র ওয়েবসাইট এর সাধারণ সুবিধাদি মেন্যুতে ডরমিটরী, আইটিসি, ক্যাফেটেরিয়া ইত্যাদি সুবিধা নামে একটি মেন্যু রয়েছে। উক্ত মেন্যুতে ডরমিটরী, আইটিসি, ক্যাফেটেরিয়ার হালনাগাদ তথ্য নেই। ডরমিটরী, আইটিসি, ক্যাফেটেরিয়া হালনাগাদ তথ্য ও প্রতিটি সেবার ২/১টি ছবি প্রেরণ করার জন্য অনুরোধ করতে হবে। হালনাগাদ তথ্য প্রাপ্তির পর তা আপডেট করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (ডরমিটরী)।

**সিদ্ধান্ত-৩:** বিপিএটিসি'র ওয়েবসাইট এর গবেষণা ও প্রকাশনা মেন্যুতে চলমান গবেষণা নামে একটি পেজ রয়েছে। উক্ত পেজে গত ২০২৩-২৪ অর্থবছরের চলমান গবেষণা কার্যক্রম এর তালিকা রয়েছে। তালিকা সংশোধন করে ২০২৪-২৫

অর্থবছরের চলমান গবেষণা অংশ আপডেট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, সাধারণ সুবিধাদি মেন্যুতে গবেষণা অনুবিভাগের কার্যক্রমের উপর বর্ণনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (গবেষণা)

**সিদ্ধান্ত-৪:** বিপিএটিসি'র ওয়েবসাইট এর সাধারণ সুবিধাদি মেন্যুতে লাইব্রেরী সংক্রান্ত তথ্যাদি রয়েছে। উক্ত তথ্যাদি হালনাগাদ করে এবং ২/১টি ছবি আপলোডের জন্য সংশ্লিষ্ট শাখায় অনুরোধ করতে হবে। তথ্য প্রাপ্তির পর লাইব্রেরী সংক্রান্ত তথ্য আপডেট করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (এলটিএ) ও গ্রন্থাগারিক

**সিদ্ধান্ত-৫:** কেন্দ্রের আইটিসিতে একটি ভিআইপি গেষ্টরুম রয়েছে। উক্ত ITC VIP গেস্টরুমে প্রাক্তন রেক্টর মহোদয়গণের ছবি টাঙানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন) ও পরিচালক (এলটিএ)

**সিদ্ধান্ত-৬:** বিপিএটিসি'র ওয়েবসাইট এর সাধারণ সুবিধাদি মেন্যুতে খেলাধুলা সংক্রান্ত সুবিধাদির বর্ণনা রয়েছে। উক্ত খেলাধুলা বিষয়ক তথ্যাদি হালনাগাদ এবং ২/১টি ছবি প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট শাখায় অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। হালনাগাদ তথ্য প্রাপ্তির পর তা আপডেট করতে হবে।

**বাস্তবায়ন:** উপ-পরিচালক (খেলাধুলা)

**সিদ্ধান্ত-৭:** বিপিএটিসি'র ওয়েবসাইটে এ্যালামনাই নামে একটি মেন্যু রয়েছে। উক্ত মেন্যুতে সকল প্রাশিক্ষণার্থী, কেন্দ্রের প্রাক্তন অনুষদসহ অন্যান্য তথ্যাদি রয়েছে। এ অংশে ERP-তে অনলাইন রেজিষ্ট্রেশনকৃত প্রশিক্ষণার্থীদের তালিকা আপলোড করা রয়েছে। কিন্তু অনলাইন রেজিষ্ট্রেশন শুরু হওয়ার পূর্বের কোন তথ্য নেই। কেন্দ্রের শুরু থেকে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের তালিকা আপলোড করার জন্য পিপিআর অনুবিভাগে সকল প্রশিক্ষণার্থীদের তালিকা চেয়ে পত্র প্রেরণ করতে হবে। তালিকা প্রাপ্তি সাপেক্ষে তা আপলোড করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (পিপিআর)

**সিদ্ধান্ত-৮:** বিপিএটিসি'র ওয়েবসাইট-এ প্রকল্প সম্পর্কিত মেন্যু রয়েছে। উক্ত মেন্যুতে প্রকল্প পরিচিতি এবং প্রকল্প জনবল সম্পর্কিত তথ্য রয়েছে। উক্ত প্রকল্প মেন্যুতে প্রকল্পের হালনাগাদ তথ্য ও হালনাগাদ জনবলের তথ্য আপডেট এবং প্রকল্পের ২/১টি ছবি আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহতি হয়।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক

**সিদ্ধান্ত-৯:** পুরাতন ওয়েবসাইট (www.old.bpatc.org.bd) এর ডোমেইন এর মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। উক্ত ওয়েবসাইটে পুরাতন অনেক গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। পুরাতন Website রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পুরাতন ওয়েবসাইট রাখার জন্য ডোমেইন এর মেয়াদ্ বৃদ্ধি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** প্রোগ্রামার ও সিস্টেম এনালিস্ট

**সিদ্ধান্ত-১০:** বিপিএটিসি'র ওয়েবসাইটে বিভিন্ন কর্মকান্ডের ভিডিও আপলোড করা নেই। ভিডিও প্রস্তুত ও কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন: প্রোগ্রামার ও সিস্টেম এনালিস্ট।

**সিদ্ধান্ত-১১:** কেন্দ্রে প্রতিনিয়ত বিভিন্ন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সকল অনুষ্ঠানের এর নিউজ বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রচার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিটি অনুষ্ঠান শেষে অনুষ্ঠান এর আয়োজন কমিটি নিউজ প্রস্তুত করে আবশ্যিকভাবে কম্পিউটার শাখায় প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** সকল অনুষ্ঠান/ইভেন্ট ম্যানেজমেন্ট টিম।

**সিদ্ধান্ত-১২:** বিপিএটিসি'র ওয়েবসাইটে ফটোগ্যালারির লিংক রয়েছে। উক্ত ফটো গ্যালারি কেন্দ্রের এলটিএ অনুবিভাগ হতে ছবি আপলোড করে থাকেন এবং ফটো গ্যালারি পরিচালনা করে থাকেন। ফটো গ্যালারি নিয়মিত আপডেট করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** পরিচালক (এলটিএ) ও গ্রন্থাগারিক

**সিদ্ধান্ত-১৩:** কেন্দ্রের নেটওয়ার্ক (LAN/WiFi) ও Security System আধুনিক করার লক্ষ্যে Active Directory System চালু করা হয়েছে। সকল অনুষদ কর্মকর্তাদের সমন্বয়ে Active Directory System সম্পর্কে অবহিতকরণ ও পরিচালনা পদ্ধতি সম্পর্কে ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করতে হবে এবং সকলকে এ বিষয়ে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** সিস্টেম এনালিস্ট।

**সিদ্ধান্ত-১৪:** ওয়েবসাইটে About BPATC এর তথ্য হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে যে সকল লিংক রয়েছে সেগুলো নীল রংয়ের করার ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার-৪।

**সিদ্ধান্ত-১৫:** বিপিএটিসি'র Officially Facebook Page Open করা হয়েছে যা দাপ্তরিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। এছাড়াও সকল কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সকল সাম্প্রতিক নিউজ ও ছবি আপলোড করতে হরে। এছাড়া YouTube Chanel তৈরী করতে হবে।

**বাস্তবায়ন:** সিস্টেম এনালিস্ট ও সহকারী প্রোগ্রামার-৩।

**সিদ্ধান্ত-১৬:** বিপিএটিসিতে কোন অনলাইন পেমেন্ট এর ব্যবস্থা নেই। Online payment Gateway চালু করতে হবে এবং Online Application এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন:** সিস্টেম এনালিস্ট ও উপ-পরিচালক (অর্থ)।

**সিদ্ধান্ত-১৭:** বিপিএটিসি'র ERP-তে কোর্সের Handout আপলোড করার ব্যবস্থা রয়েছে। বেশিরভাগ কোর্সের কোর্স ম্যানেজমেন্ট উক্ত সিস্টেম ব্যবহার করেন না। প্রতিটি কোর্সের কোর্স ম্যানেজমেন্ট টিম Handout Upload করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** সকল কোর্স ব্যবস্থাপনা টিম।

**সিদ্ধান্ত-১৮:** কেন্দ্রে বিভিন্নসময় মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ বিভিন্ন সচিব ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব মহোদয় FTC/ACAD/SSC সেশন পরিচালনা/বিপিএটিসি'র আগমন ইত্যাদি ছবি আপলোড করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক (এলটিএ) ও গ্রন্থাগারিক।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাঃ-
সাঈদ মাহবুব খান
রেক্টর (সচিব)

কার্যবিবরণী নং- ০৫.০১.২৬৭২.১৬৭.১৬.০০১.২১.০৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১ / ২৫ জুলাই ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. অনুষদ সদস্য (সকল)
২. পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৩. সংশ্লিষ্ট নথি।

২৫/০৭/২০২৪
(ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম)
সিস্টেম এনালিস্ট
বিপিএটিসি, সাভার, ঢাকা